

Subject Bengali
2nd language
Worksheet
Class-2
Sushil balock
(essay)-Amar Maa & Ahmedar
bagaan.

সুশীল বালক-

গল্পের সার সংক্ষেপ:

সুশীল বালক গল্পটিতে একটি ভালো ছেলের কথা বলা হয়েছে। যে সবসময় তার পিতা-মাতা অর্থাৎ বাবা মাকে ভালোবাসে এবং তাদের উপদেশ সে সব সময় মনে রাখে। কখনো ভোলে না। যখন যে কাজ করতে বলেন তারা, সেই ছেলেটি তাড়াতাড়ি সেই কাজ করে। সে মন দিয়ে লেখাপড়া করে। লেখাপড়ায় কখনো অবহেলা করে না। সে সবসময় লেখাপড়া করে, আর ভাবে লেখাপড়া না শিখলে সে চিরকাল দুঃখ পাবে। সে নিজের ভাই ও বোনদের খুব ভালবাসে কখনো তাদের সাথে ঝগড়া করে না। তাদের গায়ে হাত তোলে না। তাদের কষ্ট দেয় না। খাবারের জিনিস পলে সে একা খায় না সবাইকে মিলেমিশে দিয়ে খায় সে কখনো মিথ্যা কথা বলে না। সে জানে মিথ্যা কথা

বললে কেউ তাদেরকে ভালোবাসে না সবাই ঘৃণা করে। সে
কখনো অন্যায় কাজ করে না। সে কখনো তার
বাবা-মায়ের উপর রাগ করে না কারন সে জানে সে
কোনো অন্যায় কাজ করেছে তাই তার পিতা-মাতা তাকে
শাসন করছে। সে কখনো কটুকথা অর্থাৎ খারাপ কথা বলে
না। কুকথা অর্থাৎ বাজে কথা। সে কখনও ক্লেশ অর্থাৎ
কাউকে কষ্ট দেয় না। কখনো বাজে কাজ করে না। সুশীল
বালক ভালো ছেলে আলস্যে কখনো দিন কাটায় না। মন
দিয়ে কাজ কর্ম করে সে কখনো দুঃশীল অর্থাৎ খারাপ
ছেলেদের সাথে বেড়ায় না সে মনে করে যদি খারাপ
ছেলেদের সাথে বেড়ায় ও খেলা করে তাহলে সেও খারাপ
হয়ে যাবে।

অর্থ লেখ।

সুশীল

অতিশয়

পিতা মাতা

স্বহর

ভ্রাতা

ভগিনী

দ্রব্য

কটু বাক্য

দুঃশীল

ক) নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ ।

ক) সুশীল বালক কাকে অতিশয় ভালোবাসে?

খ) সুশীল বালক মন দিয়ে কি করে?

গ) সুশীল বালক কাদের খাবার না দিয়ে নিজে খায় না?

ঘ) যে মিথ্যে কথা বলে তাদের ভাগ্যে কী কী ঘটে?

খ) নিচের কথাগুলো ঠিক হলে ঠিক চিহ্ন দাও এবং ভুল হলে কাটা চিহ্ন দাও।

ক) চুরি করা বড়ো দোষ।

খ) যে সময়ের যে কাজ মন দিয়ে তা করা উচিত নয়।

গ) লেখাপড়া না করে খেলে বেড়ানো ভালো

ঘ) দুঃশীল বালকদের সাথে যে থাকে সেও দুঃশীল হয়ে যায়।

ঙ) বালক সুশীল আলস্যে দিন কাটায়।

রচনা

রচনার সার সংক্ষেপ : যে কোন বিষয় সম্বন্ধে ছোট ছোট অর্থপূর্ণ বাক্য তৈরি করে একটি সুন্দর অনুচ্ছেদ রচনা করা যায়। যেমন আমার মা ও আমাদের বাগান এই রকমই এক একটি রচনা একেই আমরা ইংরেজিতে (essay) বলা হয়।

এখানে আমরা আমার মা এবং আমাদের বাগান সম্বন্ধে
দুটি রচনা তৈরি করব।

আমার মা এবং আমাদের বাগান।
